

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৯. আল্লাহর কিতাবের ব্যাপারে ফায়সালা দানকারী হবে সুন্নাহ।

بَابٌ السُّنَّةُ قَاضِيَةٌ عَلَى كِتَابِ اللَّهِ تَعَالَى

আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّقَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ يَعْلَى بْنِ حَكِيمٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْدٍ أَنَّهُ حَدَّثَ يَوْمًا بِحَدِيثٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَجُلُ فِي كِتَابِ اللَّهِ مَا يُخَالِفُ هَذَا قَالَ أَلَا أُرَانِي أُحَدِّثُكَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتُعَرِّضُ فِيهِ يُخَالِفُ هَذَا قَالَ أَلَا أُرَانِي أُحَدِّثُكَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْلَمَ بِكِتَابِ اللَّهِ مِنْكَ بِكِتَابِ اللَّهِ مِنْكَ إِسناده صحيح

বাংলা

৬০৯. ইয়া'লা ইবনু হাকীম হতে বর্ণিত, সাঈদ ইবনু জুবাইর রাহি. একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে একটি হাদীস বর্ণনা করলেন। তখন এক ব্যক্তি বললো: আল্লাহর কিতাবে (কুরআনে) তো এর বিপরীত কথা রয়েছে। তিনি বললেন: আমাকে দেখতে পাচ্ছো না, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে হাদীস বর্ণনা করছি, আর একে আল্লাহর কিতাবের মুখোমুখি এনে দাঁড় করানো হচ্ছে! আল্লাহ তা'আলার কিতাব সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তোমার চেয়ে ভাল বুঝতেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আজুরী, আশ শরীয়াহ পৃ: ৫৮; ইবনু বাত্তাহ, আল ইবানাহ নং ৮১; খতীব, আল জামি লি আখলাকির রাবী, নং ৩৫৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়া'লা ইবনু হাকীম (রহঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 75985$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন